

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৯

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

আরবী

أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبِ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي حُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّهُ سَمِعَ مُعَاوِيَةَ بْنَ أَبِي سُفْيَانَ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَنْ يُردِ اللَّهُ بِهِ خَيْرًا يُفَقَهْهُ في الدِّيْنِ)

(مَنْ يُردِ اللَّهُ بِهِ خَيْرًا يُفَقَهْهُ في الدِّيْنِ)

[تعليق الشيخ الألباني]

صحيح _ ((الصحيحة)) (1194).

الحديث: 89 | الجزء: 1 | الصفحة: 204

বাংলা

ذِكْرُ إِرَادَةِ اللَّهِ جَلَّ وَعَلَا خَيْرَ الدَّارَيْنِ بِمَنْ تَفَقَّهَ فِي الدِّينِ

যে ব্যক্তি দ্বীনের তাফাকুহ বা গভীরজ্ঞান অর্জন করেছে, আল্লাহ আযযা ওয়া জাল্লা এর ইচ্ছা এর মাধ্যমে তাকে দুনিয়া এবং আখিরাত উভয় জগতে কল্যাণ দান করা- এ সম্পর্কিত বর্ণনাঃ

৮৯. হুমায়দ ইবনু 'আবদুর রহমান (রহ.) হতে বর্ণিত। তিনি বলেনঃ আমি মু'আবিয়াহ ইবনু আবী সুফিয়ান (রাযি.)-কে খুৎবায় বলতে শুনেছি, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে বলতে শুনেছি, আল্লাহ্ যার মঙ্গল চান, তাকে দ্বীনের 'তাফাক্কুহ (গভীর প্রজ্ঞা) দান করেন।[1]

ফুটনোট



[1] আলবানী: সহীহ।

আরনাউত্ব: মুসলিমের শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: বাগাবী, শারহুস সুন্নাহ ১৩১; বুখারী, ৭১; মুসলিম ১০৩৭; তিরমিয়ী ২৭২৪; আহমাদ ৪/১০১; ইবনু মাজাহ, মুকাদ্দিমা ২২১।

এটি ইবনু আব্বাস থেকে বর্ণনা করেছেন আহমাদ ১/৩০৬; তিরমিয়ী ২৬৪৭। আবৃ হুরাইরা হতে আহমাদ ২/২৩৪; ইবনু মাজাহ ২২০।

ইবনু উমার হতে ইবনু আব্দুল বারর,জামি বয়ানিল ইল ১/১৭; তাহাবী, মুশকিলুল আছার ২/২৮১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হুমায়দ ইবনু 'আবদুর রহমান (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন